অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জটিল মানসিক স্বাস্থ্যের প্রয়োজনে ব্যক্তিদের নিযুক্ত করার জন্য 12 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ ঘোষণা করেন

মূলধন নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও হাডসন নদী অঞ্চলে সেবাদানের জন্য তিনটি নতুন নিবিড় ও টেকসই এনগেজমেন্ট টিম প্রতিষ্ঠা করবে

সমকক্ষ ব্যক্তি পরিচালিত (পিয়ার-লীড) টিমগুলো নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্যসেবার ধারাবাহিকতাকে রূপান্তর করার জন্য গভর্নর হোকলের ল্যান্ডমার্ক পরিকল্পনার অংশ

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক সিটি হাডসন নদী এলাকা ও লং আইল্যান্ডে কমিউনিটির সেবাদানে তিনটি নতুন ও টেকসই এনগেজমেন্ট টিম প্রতিষ্ঠা করার জন্য 12 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ ঘোষণা করেন। স্টেট অফিস অভ মেন্টাল হেলথ (Office of Mental Health) কর্তৃক পরিচালিত বরাদ্দগুলো তিনটি পরিষেবা প্রদানকারীকে সমকক্ষ ব্যক্তি পরিচালিত (পিয়ার-লীড) মাল্টিডিসিপ্লিনারি টিম তৈরি করতে সক্ষম করবে যা জটিল চাহিদাসম্পন্ন নিউ ইয়র্কবাসীদের জন্য যাদের মানসিক স্বাস্থ্যের পরিচর্যার ঐতিহ্যগত ধরনগুলোর সাথে সংযোগ স্থাপনে অসুবিধা রয়েছে তাদেরকে নিবিড় কমিউনিটি সহায়তা পরিষেবা প্রদান করবে।

"নিউ ইয়র্কবাসীগণ যারা অতীতে মানসিক স্বাস্থ্য সমস্যা বা সংকট থেকে সেরে উঠেছেন তারা আজ লড়াই করা ব্যক্তিদের সাহায্য করার জন্য একটি বিশেষ অবস্থানে রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "সমন্বিত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে, এই দক্ষ টিমগুলো জটিল মানসিক স্বাস্থ্যের চাহিদাযুক্ত ব্যক্তিদের মধ্যে আস্থা গড়ে তুলতে এবং তাদের সুস্থ হতে সহায়তা করবে এমন পরিষেবাগুলো পরিচালনা করতে ও স্বেচ্ছায় গ্রহণ করার ক্ষেত্রে তাদের সহায়তা করবে।"

নিউ ইয়র্ক সিটির বাল্টিক স্ট্রিট AEH ইনকর্পোরেটেড; ওয়েস্টচেস্টারের মানসিক স্বাস্থ্য সংগঠন এবং হ্যান্ডস অ্যাক্রোস লং আইল্যান্ডকে এই টিমগুলো প্রতিষ্ঠা করার জন্য পাঁচ বছরে 4 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছিল। মূলধনটি এই সংস্থাগুলোকে একটি পিয়ার টিম লিডার, সাপোর্ট স্টাফ, একটি পারিবারিক মধ্যস্থতাকারী ও একজন সমাজকর্মী ও একজন নার্স প্র্যাকটিশনার সহ লাইসেন্সপ্রাপ্ত পেশাদারগণ সহ একটি বহুমাত্রিক টিম গড়ে তুলতে সাহায্য করবে।

মানসিক স্বাস্থ্য কমিশনার ড. অ্যান সুলিভান বলেন, "জটিল ও মানসিক স্বাস্থ্যের চাহিদায় ব্যক্তিদের নিয়োজিত করতে সাহায্য করার ক্ষেত্রে পিয়ার সাপোর্ট কর্মসূচিগুলোর কার্যকারিতার একটি প্রমাণিত রেকর্ড রয়েছে। এই টিমগুলো তাদের সেবা দেওয়া মানুষদের মধ্যে আশা জাগ্রত করতে সহায়তা করবে, তাদের দেখাবে যে পুনর্বাসন সম্ভব ও অর্জনযোগ্য উভয়ই। গভর্নর হোকলের যুগান্তকারী পরিকল্পনায় উল্লিখিত অন্যান্য বরাদ্দগুলোর মতো, এই বরাদ্দগুলো আমাদের পরিষেবাগুলোর অসঙ্গতিগুলো সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য উন্নত মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করতে সহায়তা করছে।"

টিমগুলো সম্ভবপর কম সীমাবদ্ধ ও সর্বাধিক ব্যক্তি-কেন্দ্রিক প্রক্রিয়াতে চাহিদাগ্রস্থ কমিউনিটির জন্য অ্যাক্সেস উন্নত করতে একটি স্বেচ্ছাসেবী, সমকক্ষ ব্যক্তি পরিচালিত (পিয়ার-লীড) এনগেজমেন্ট পদ্ধতির প্রতিনিধিত্ব করে। সার্টিফাইড পিয়ারগণের নেতৃত্বে, টিমগুলো তাদের নিযুক্ত ব্যক্তি ও কমিউনিটি ও অন্যান্য সহায়তার মধ্যে সংযোগ সহজতর করে।

জাতীয় সমীক্ষা দেখায় যে যাদের দীর্ঘস্থায়ী মানসিক স্বাস্থ্যে সেবার সাথে সংযোগ স্থাপনে সমস্যা হয় পিয়ার সাপোর্ট এমন ব্যক্তিদের কাছে পৌঁছাতে, সহায়তা করতে এবং সংযোগ করতে সাহায্য করতে পারে। যদিও সহযোগী (পিয়ার) পেশাদারগণ পুনর্বাসনের ক্ষেত্রে অন্যান্যদের সহায়তা করে তারা জীবন দক্ষতা শেখায় ও মানসিক স্বাস্থ্যের চ্যালেঞ্জের সন্মুখীন ব্যক্তিদের কমিউনিটিতে সফল ও সঠিক জীবনযাপন করতে সহায়তা করে।

টিমগুলোর প্রাথমিক ফোকাস উচ্চ ঝুঁকিপূর্ণ অথবা জটিল মাসসিক স্বাস্থ্যের প্রয়োজন হিসেবে চিহ্নিত ব্যক্তিদের উপর এবং কারাবাস, হাসপাতাল ও অন্যান্য প্রাতিষ্ঠানিক সেটিংস ছেড়ে যাওয়া ব্যক্তিদের জন্য অসঙ্গতিসমূহ পূরণে সহায়তা করার উদ্দেশ্য করা হয়েছে। কর্মসূচিটির লক্ষ্য হলো প্রথাগত পরিষেবাগুলো থেকে ঐতিহাসিকভাবে অনুপস্থিত কিন্তু ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ব্যক্তিদের আউটরিচ পরিচালনা করা এবং ধরে রাখা।

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থার উন্নয়নে গভর্নর হোকলের 1 বিলিয়ন মার্কিন ডলার পরিকল্পনার অংশ হিসেবে এই মূলধন গঠন করা হয়েছে, যার মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি সাফল্যের রেকর্ডসহ বিদ্যমান কর্মসূচি সম্প্রসারণ ও চিহ্নিত অসঙ্গতিসমূহ দূর করার লক্ষ্যে নতুন প্রমাণ ভিত্তিক উদ্যোগের অর্থায়ন করা হয়েছে। 2024 সালের মে মাসের অর্থ বছরের স্টেট বাজেটের অংশ হিসেবে গৃহীত, এই পরিকল্পনাটি ব্যাপকভাবে অ্যাক্সেস সম্প্রসারণ করবে, অপেক্ষার সময় হ্রাস করবে এবং মানসিক অসুস্থতায় বসবাসকারী সকল নিউ ইয়র্কবাসীর জন্য যথাযথ সামঞ্জস্যপূর্ণ যত্ন নিশ্চিত করবে।

গভর্নর হোকলের পরিকল্পনার মধ্যে রয়েছে বহিরাগত রোগীদের কমিউনিটি ভিত্তিক পরিষেবা সম্প্রসারণ করা, মানসিক অসুস্থতায় নিউ ইয়র্কবাসীদের সেবা করার জন্য নতুন সহায়ক আবাসন ইউনিট তৈরি করা এবং সাফল্যের প্রমাণিত রেকর্ড রয়েছে এমন কর্মসূচি তৈরি করা। পরিকল্পনাটি গভর্নর হোকলের নেতৃত্বে করা পূর্ববর্তী বিনিয়োগের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যা ঘাটতি পূরণ করতে এবং প্রান্তিক ও ঝুঁকিপ্রবণ জনগোষ্ঠীসহ সংকটে থাকা সকল নিউ ইয়র্কবাসীর মানসিক স্বাস্থ্যসেবা চাহিদা পর্যাপ্তভাবে পূরণ নিশ্চিত করতে সাহায্য করে।

অ্যালায়েন্স ফর রাইটস এর প্রধান নির্বাহী কর্মকর্তা হার্ভে রোজেনথাল বলেন,
“অনিচ্ছাকৃত চিকিৎসা আদেশ ব্যবহার না করে মানিসিক স্বাস্থ্য সেবার চাহিদায় থাকা ব্যক্তিদের সফলভাবে ও স্বেচ্ছায় নিযুক্ত করার জন্য পিয়ার-টু-পিয়ার সহায়তাকারী মোতায়েন করার ক্ষেত্রে INSET মডেলটি খুব অসাধারণ ফলাফল প্রদর্শন করেছে। আমরা গভর্নর হোকল ও কমিশনার সুলিভানের কাছে কৃতজ্ঞ যে তারা দেশে প্রথম বারের মতো উদ্ভাবনে শক্তিশালী পাঁচ বছরের বিনিয়োগের মাধ্যমে সমকক্ষ ব্যক্তি চালিত এজেন্সিগুলোকে সহায়তা করছে।”

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418